পছন্দের খেলায় গড়ুন ক্যারিয়ার তরুণদের প্রতি প্রধানমন্ত্রীর আহ্বান



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, তরুণরা যে খেলায় দক্ষ ও আগ্রহী, সেটিকেই পেশা হিসেবে নিতে পারে। তিনি জানান, ৩০ এপ্রিল সিলেট থেকে ‘নতুন কুঁড়ি স্পোর্টস’ কর্মসূচি শুরু হয়ে ধীরে ধীরে সারা দেশে বিস্তৃত হবে।

সোমবার তেজগাঁওয়ে ক্রীড়া ভাতা ও ক্রীড়াকার্ড বিতরণ অনুষ্ঠানে তিনি বলেন, এখন খেলাধুলা শুধু বিনোদন নয়—এটি বিশ্বজুড়ে একটি প্রতিষ্ঠিত পেশা। তাই বাংলাদেশেও খেলোয়াড়দের পেশাগত নিরাপত্তা নিশ্চিত করতে সরকার সম্মানী কাঠামো চালু করেছে।

তিনি আরও জানান, ক্রিকেট-ফুটবলের পাশাপাশি অন্যান্য খেলাও এগিয়ে নিতে সরকারি উদ্যোগ চলছে এবং বেসরকারি খাতকেও এতে অংশ নেওয়ার আহ্বান জানানো হয়েছে। নতুন কর্মসূচির মাধ্যমে প্রতিভাবান খেলোয়াড় খুঁজে বের করে প্রশিক্ষণ দিয়ে আন্তর্জাতিক পর্যায়ে প্রতিযোগিতার জন্য প্রস্তুত করা হবে।

LENS ASIA